

যুগান্তর

প্রিন্ট: ০১ মার্চ ২০২৬, ০৭:২১ এএম

জাতীয়

শিক্ষকদের ঈদ উৎসব ভাতা নিয়ে সর্বশেষ যা জানালা মাউশি

Advertisement

আরও দেখুন

⊕ অনলাইন সংবাদপত্র

⊕ বেকিং নিউজ অ্যালাট

⊕ রমজানের পণ্য

⊕ আবহাওয়া পূর্বাভাস অ্যাপ

⊕ রাজনীতি বিষয়ক বই

⊕ ই-পেপার সাবস্ক্রিপশন



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ২৬ ফেব্রুয়ারি ২০২৬, ০২:০৯ পিএম



মাউশি

মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর

বেসরকারি স্কুল-কলেজে কর্মরত এমপিওভুক্ত শিক্ষকদের ঈদুল ফিতরের উৎসব ভাতা নিয়ে এখনো প্রস্তাবনা তৈরি করা হয়নি। তবে খুব শিগগিরই এ সংক্রান্ত প্রস্তাব তৈরি করে অনুমোদনের জন্য শিক্ষা মন্ত্রণালয়ে পাঠানো হবে বলে জানা গেছে।

বৃহস্পতিবার (২৬ ফেব্রুয়ারি) মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের (মাউশি) একটি সূত্র জানিয়েছে, বৃহস্পতিবার শিক্ষক-কর্মচারীদের ফেব্রুয়ারি মাসের বেতনের প্রস্তাব শিক্ষা মন্ত্রণালয়ে পাঠানো হবে। এরপর আগামী সপ্তাহে মাউশির এডুকেশন ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (ইএমআইএস) সেল ঈদ উৎসব ভাতার প্রস্তাব তৈরি করবে। এরপর সেটি অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে পাঠানো হবে।

এ বিষয়ে জানতে চাইলে মাউশির পরিচালক (অর্থ ও ক্রয়) প্রফেসর মোহাম্মদ মনির হোসেন পাটওয়ারী গণমাধ্যমে বলেন, 'ফেব্রুয়ারি মাসের বেতনের প্রস্তাব আজ বৃহস্পতিবার পাঠানো হবে। ঈদ উৎসবের প্রস্তাব নিয়ে এখনো খোঁজ নেওয়া হয়নি। আশা করছি এটি যথা সময়ে পাঠানো হবে।'

ঈদ উৎসবের প্রস্তাব পাঠানো প্রসঙ্গে জানতে চাইলে ইএমআইএস সেলের সিনিয়র সিস্টেম অ্যানালিস্ট (অতিরিক্ত দায়িত্ব) মো. হুমায়ুন কবীর বলেন, ‘ঈদ উৎসব ভাতা শিক্ষক-কর্মচারীদের ঈদের আগেই পাবেন। আমরা বিষয়টি নিয়ে কাজ করছি।’